

ভুয়া আইডি থেকে টাকা দাবি, ভক্তদের সতর্ক করলেন প্রভা-পৃষ্ঠ-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫৩ ঃ মেহেরপুর-শনিবার ২৭ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১২ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ৪ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## আওয়ামী লীগের দ্বিতীয় ঘর কলকাতা

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের ক্ষমতাসীন দল আওয়ামী লীগের পতনের পর কলকাতা হয়ে উঠেছে তাদের নতুন রাজনৈতিক কেন্দ্র। পশ্চিমবঙ্গের রাজধানীর এক ব্যস্ত বাণিজ্যিক কমপ্লেক্সের ভেতরে গড়ে তোলা হয়েছে একটি গোপন ‘পার্টি অফিস’, যেখানে এখন নিয়মিতই আসাযাওয়া করছেন দলের শীর্ষ থেকে মধ্যম স্তরের নেতারা। ২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা বাংলাদেশ ছাড়ার পর ভারতে অবস্থানরত আওয়ামী লীগ নেতারা প্রথমে নিজেদের ভাড়া করা বাসায় বৈঠক করতেন। কখনো বা হোটেল বা রেস্তরাঁর ব্যাংকয়েট হলে আয়োজন হতো বড় বৈঠকের। তবে দীর্ঘমেয়াদে একটি নির্দিষ্ট দপ্তরের প্রয়োজনীয়তা থাকায় কয়েক মাস আগে কলকাতার এই বাণিজ্যিক পরিসরে প্রতিষ্ঠিত হয়েছে নতুন ‘অফিস’। অফিসটির বাইরে থেকে বোঝার উপায় নেই যে এটি আওয়ামী লীগের। নেই

২-এর পৃষ্ঠা দেখুন









# ৫ দফা দাবিতে জামায়াতের বিক্ষোভ মিছিল

**বক্তারা পিয়ার পদ্ধতিতে নির্বাচন আয়োজনসহ কেন্দ্রীয় ঘোষিত পাঁচ দফা দাবির বাস্তবায়নের আহ্বান জানান। তাঁরা বলেন, গণতন্ত্র ও জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য এই দাবি বাস্তবায়ন জরুরি**

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা জামায়াতে ইসলামের উদ্যোগে কেন্দ্রীয় ঘোষিত পাঁচ দফা দাবিতে গতকাল শুক্রবার (২৬ সেপ্টেম্বর) বিকেল পাঁচটায় শহরের সরকারি কলেজ মোড়ে এক সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন জেলা জামায়াতে ইসলামের আমির মাওলানা মোঃ তাজউদ্দীন খান। সভা শেষে তাঁর নেতৃত্বে একটি বিশাল বিক্ষোভ মিছিল বের হয়। বিক্ষোভ মিছিলটি কলেজ মোড় থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি মোড়ে গিয়ে শেষ হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়াতে ইসলামের আমির মাওলানা মোঃ তাজউদ্দীন খান। জেলা জামায়াতে ইসলামের সেক্রেটারি ইকবাল হোসেনের সঞ্চালনায় সমাবেশে আরও বক্তব্য রাখেন জেলা জামায়াতে ইসলামের নায়েবে আমির মাওলানা মোঃ মাহাবুল আলম, জেলা জামায়াতে ইসলামের রাজনৈতিক সেক্রেটারি রুহুল আমিন

জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর সদর উপজেলা জামায়াতে ইসলামের সেক্রেটারি জব্বারুল ইসলাম মাস্টার, মেহেরপুর পৌর আমির সোহেল রানা ডলার। এছাড়াও সমাবেশ ও বিক্ষোভ মিছিলে জেলা জামায়াতে ইসলামী, ইসলামী ছাত্র শিবিরসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের অসংখ্য নেতাকর্মী অংশগ্রহণ করেন। সমাবেশে বক্তারা পিয়ার পদ্ধতিতে নির্বাচন আয়োজনসহ কেন্দ্রীয় ঘোষিত পাঁচ দফা দাবির বাস্তবায়নের আহ্বান জানান। তাঁরা বলেন, গণতন্ত্র ও জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য এই দাবি বাস্তবায়ন জরুরি। মুজিবনগরের সমাবেশ ও মিছিল: মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর উদ্যোগে ৬ দফা দাবিতে সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর ভারপ্রাপ্ত আমির হাফেজ মাওলানা ফিরাতুল ইসলাম নাঈম, প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা আমীর মাওলানা তাজউদ্দিন খান। সমাবেশ শেষে হাফেজ মাওলানা ফিরাতুল ইসলাম নাঈমের নেতৃত্বে বিশাল বিক্ষোভ মিছিল কেদারগঞ্জ বাজার প্রদক্ষিণ শেষে চার রাস্তার মোড়ে শেষ হয়। মিছিল ও সমাবেশে উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও পেশাজীবী শাখার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। গাংনী : গাংনীতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত বিক্ষোভ সমাবেশটি গাংনী মডেল প্রাইমারি স্কুল প্রাঙ্গণ

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনে খুনি-চাঁদাবাজ-মাস্তানদের বিরুদ্ধে নতুন ভোটারদের লড়াই হবে: গোলাম পরওয়ার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি মিয়া গোলাম পরওয়ার বলেছেন, আগামী জাতীয় নির্বাচনে খুনি, চাঁদাবাজ ও মাস্তানদের বিরুদ্ধে নতুন ভোটারদের লড়াই হবে। তিনি আশা প্রকাশ করেন, যে তরুণরা ইতোমধ্যে ফ্যাসিবাদকে বিদায় দিয়েছে, তারাই আবারও দেশ পরিচালনার দায়িত্ব সঠিক হাতে অর্পণে ভুল করবে না। শুক্রবার (২৬ সেপ্টেম্বর) বিকেলে খুলনার ডুমুরিয়া স্বাধীনতা চত্বরে উপজেলা জামায়াতে ইসলামীর উদ্যোগে আয়োজিত ছাত্র-যুব সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গোলাম পরওয়ার বলেন, “ছাত্র-যুব সমাজের নেতৃত্বেই আগামী নির্বাচনে ভোট বিপ্লব ঘটবে। সেই বিপ্লব একটি নতুন মানবিক ও সাম্যের বাংলাদেশ গড়ে তুলবে।” তিনি প্রতিশ্রুতি দিয়ে বলেন, জামায়াত যদি দেশ সেবার সুযোগ পায় তবে বেকার সমস্যার স্থায়ী সমাধান করে একটি সুখী-সমৃদ্ধ মানবিক বাংলাদেশ গড়তে প্রয়োজনীয় সব

২-এর পৃষ্ঠা দেখুন



## ভৈরব নদে নিখোঁজের ১৮ ঘণ্টা পর মরদেহ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর গ্রামে ভৈরব নদে গোসল করতে নেমে নিখোঁজের ১৮ ঘণ্টা পর মোহাইমিনুল ইসলাম (১৫) নামের এক নবম শ্রেণির শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ডুবুরি দল।গতকাল শুক্রবার (২৬ সেপ্টেম্বর) সকাল ৮টার দিকে মরদেহ উদ্ধার করা হয়। নিহত মোহাইমিনুল রামদাসপুর কে আর এস এস মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্র এবং শুভরাজপুর গ্রামের শিমুল হোসেনের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়,গত

২-এর পৃষ্ঠা দেখুন

## ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের পরীক্ষা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

দেশের ৪৮ জেলায় একযোগে শিক্ষিত কর্মপ্রত্যাশী যুবকদের জন্য ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। এর অংশ হিসেবে গতকাল শুক্রবার (২৬ সেপ্টম্বর) মেহেরপুরে পরীক্ষার কার্যক্রম অনুষ্ঠিত হয়।মেহেরপুর জেলা কার্যালয়ে পরীক্ষার কার্যক্রম পরিদর্শন করেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ হামিদুর রহমান। এ সময় উপস্থিত ছিলেন প্রশিক্ষণ শাখার উপপরিচালক শাহাবুদ্দিন সরকার, সরকারি কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোছা. খাদিজা আক্তার, কো-অর্ডিনেটর মো. খালিদ সিকদার এবং

২-এর পৃষ্ঠা দেখুন




## অ্যাড. কামরুল এর উদ্যোগে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’ ৩১ দফা বাস্তবায়নের লক্ষে মেহেরপুর শহরে দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়েছে। মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসানের ব্যক্তিগত উদ্যোগে শুক্রবার (২৬ সেপ্টেম্বর) সকাল ১০টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত মেহেরপুর শহরের মাধ্যমিক বালিকা

২-এর পৃষ্ঠা দেখুন

### মেহেরপুরে সাবেক মেয়রের মামলা

## আইনজীবীসহ চারজনের বিরুদ্ধে চাঁদাবাজি ও মানহানির অভিযোগ

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরে এ্যাডভোকেট মিজানুর রহমান মিজানসহ চারজনের বিরুদ্ধে চাঁদাবাজি ও মানহানির অভিযোগে মামলা দায়ের করেছেন মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোতাছিম বিল্লাহ মতু। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এ মামলা দায়ের করা হয়। আদালত মামলাটি আমলে নিয়ে সদর থানাকে এফআইআর হিসেবে গ্রহণের নির্দেশ দিয়েছেন। মামলার প্রধান আসামি হলেন মেহরপুর শহরের স্টেডিয়ামপাড়ার মোঃ শাহাবুদ্দীনের ছেলে এ্যাডভোকেট মিজানুর রহমান মিজান (৩৮)। অপর তিনজন হলেন, কসারীপাড়ার মৃত আছাব আলীর ছেলে মোঃ মহব্বত, বন্দর গ্রামের মৃত নূর আলীর ছেলে মোঃ ঝন্টু এবং পুরাতন পোস্ট অফিসপাড়ার মৃত তমাল খাঁর ছেলে মোঃ মিঠন। মামলার এজাহারে বলা হয়, দীর্ঘ প্রায় ২৫ বছর ধরে স্থানীয় সরকার ও রাজনৈতিক অঙ্গনে সক্রিয় ছিলেন সাবেক মেয়র মোতাছিম

২-এর পৃষ্ঠা দেখুন



## শান্তিপূর্ণ পূজা উদযাপনে বিএনপি’র সর্বোচ্চ সহযোগিতা - জাকির হোসেন

নিজস্ব প্রতিবেদক

আসন্ন শারদীয় দুর্গাপূজা নির্বিঘ্ন ও শান্তিপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে মেহেরপুর জেলা বিএনপি সর্বোচ্চ সহযোগিতা করবে বলে ঘোষণা দিয়েছেন বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য জোটের মহাসচিব ও জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য জাকির হোসেন। গতকাল শুক্রবার ( ২৬ সেপ্টম্বর) বিকেলে তিনি মুজিবনগর উপজেলার কোমরপুর, বাবুপুর, মহাজনপুর, রতনপুর, বল্লভপুর, দারিয়াপুর ও মোনাখালীসহ বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শন করেন। এ সময় তিনি পূজা

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে পুলিশের অভিযানে গরু চোর গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে চলমান বিশেষ অভিযানিক কার্যক্রমের অংশ হিসেবে মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে গরু সহ এক গরু চোরকে গ্রেফতার করেছে। গত বৃহসাপতিবার( ২৫ সেপ্টেম্বর) রাত ১২টার পর অভিযান চালিয়ে মুজিবনগর থানা পুলিশ তাকে গ্রেফতার করে। এসময় চোরাই গরুও উদ্ধার করা হয়েছে।গ্রেফতারকৃত মোঃ আরিফুল ইসলাম (২১) মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের মোঃ আমজাদ শেখ এর ছেলে। মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান জানান, গ্রেফতারকৃত আসামীকে আদালতে প্রেরণ করা হয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে ওয়ান শুটার গান ও গুলিসহ যুবক আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর গ্রামে র‌্যাব-১২ অভিযান চালিয়ে একটি ভারতীয় ওয়ান শুটার গান ও দুই রাউন্ড গুলি উদ্ধার করেছে। এসময় সুমন আহম্মেদ সৌমিক (৩০) নামে এক যুবককে আটক করেছে। গাংনী সিপিসি-৩ র‌্যাব-১২ এর কোম্পানি কমান্ডার ওয়াহিদুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে আমরা জানতে পারি গাংনী কাজিপুর সৌমিকের বাড়িতে শুটারগান ও গুলি রয়েছে। এসংবাদের ভিত্তিতে র‌্যাব সদস্যরা শুক্রবার ভোর সাড়ে তিনটার দিকে

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরের যুব উন্নয়নে উদ্যোক্তা এস.এম.রাসেলের দৃষ্টান্ত



মুহম্মদ মহসিন

ইচ্ছাশক্তিকে হাতিয়ার করে যুব সমাজের জীবনমান উন্নয়নে এক যুগ আগে মেহেরপুরের তরুণ উদ্যোক্তা এস. এম. রাসেল গড়ে তোলেন “রশ্মি টেকিন্যাক কম্পিউটার ট্রেনিং সেন্টার”। শিক্ষিত বেকারত্ব ঘোচানোর লক্ষ্য নিয়ে যাত্রা শুরু করা এই প্রতিষ্ঠান আজ আলোকবর্তিকা হয়ে দাঁড়িয়েছে হাজারো যুবকের জীবনে। এস. এম. রাসেলের অক্লান্ত পরিশ্রম ও দায়িত্বশীলতা তাঁকে নিয়ে গেছে পরিকল্পনার উচ্চতায়। ইতিমধ্যেই তাঁর প্রতিষ্ঠান থেকে ৫ হাজারেরও বেশি যুবক-যুবতী কম্পিউটার প্রশিক্ষণ নিয়েছেন। তাঁদের মধ্যে পাঁচ শতাধিক সরকারি-

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর {হাসিনার ফেরা এবং আওয়ামী লীগের ভবিষ্যৎ}

ভোটার কর্মী রাস্তায় ঘোরে
নেতারা আছেন গোপনে
আসোলে নেত্রী আছে কোথায়
জানি আমরা কয়জনে।
নেতাই যদি লুকিয়ে থাকে
কর্মী কোথায় পাবে
মিছিল মিটিং করতে গেলেই
জেল হাজতে যাবে।
ভারত থেকে বাংলা আমার
মাঝে কাটা তারের বেড়া
ঠুস করে ঢুকবে হাসিনা
আছে কি কারো জানা।
নেত্রী আমার ফিরবে কবে
একেবারেই যদি না ফিরি
চিন্তার কোন নাই কারণ
আওয়ামীলীগ হবে চড় চড়ি।




## “অধিকার ফিরে এসেছে, এখন অন্যায়ের প্রতিবাদ শিখুন”- আমজাদ হোসেন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-০২ (গাংনী) আসনের সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেন বলেছেন, “আপনার-আমার কথা বলার অধিকার কেড়ে নিয়েছিল শেখ হাসিনা। ছাত্র-জনতার অভ্যুত্থানের মধ্য দিয়ে সেই অধিকার জনগণ আবার ফিরিয়ে নিয়েছে। এখন সেই অধিকার ব্যবহার

২-এর পৃষ্ঠা দেখুন

## মোহাম্মদপুরে ট্রান্সফরমার চুরি, সেচের ঝুঁকিতে কৃষকরা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার মোহাম্মদপুর ঘাট পাড়ার মাঠ থেকে চোরের দলে রাতের অন্ধকারে দুটি বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরি হয়েছে। বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দিবাগত রাতের এই ঘটনায় এলাকার কৃষকরা চিন্তায় পড়েছেন। স্থানীয়রা জানান, ট্রান্সফরমার চুরি হওয়ার কারণে প্রায় শতাধিক একর ফসলি জমির সেচ কার্যক্রম বন্ধ হয়ে গেছে। এতে বিশেষ করে শাক-সবজি ওধানজাতীয় ফসলের ক্ষতির আশঙ্কা রয়েছে। “প্রায়ই

২-এর পৃষ্ঠা দেখুন




## ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিল সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ ইসলামী আন্দোলন মেহেরপুর জেলা শাখার উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকেল ৫টার দিকে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। ৫ দফা দাবির মধ্যে রয়েছে আগামী জাতীয় সংসদ নির্বাচন পিআর পদ্ধতিতে অনুষ্ঠিত করা, সুষ্ঠু নির্বাচনের জন্য লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিতকরণ, গণহত্যার বিচারসহ

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন, প্রধান সড়ক ,মেহেরপুর।
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শনিবার ॥ ১২ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২৭ সেপ্টেম্বর ২০২৫ইং

# একক প্রার্থী চূড়ান্তে তৎপর বিএনপি

## মেহেরপুর ১ আসনে মনোনয়নে চমক হতে পারে কামরুল

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে একক প্রার্থী চূড়ান্তকরণে তৎপর হয়েছে বিএনপি। দলটির নীতিনির্ধারকরা জানাচ্ছেন, এবার নবীন ও প্রবীণের সমন্বয়ে প্রার্থী মনোনয়ন দেওয়া হবে। তবে তরুণ প্রজন্ম বিশেষ করে জেন-জি ভোটারদের প্রভাব বিবেচনায় এবার মনোনয়ন তালিকায় ‘ “যোগ্য তরুণ’ প্রার্থীদের চমক থাকতে পারে। সংশ্লিষ্ট সূত্র জানায়, নিজ নিজ নির্বাচনী এলাকায় ইতোমধ্যে শতাধিক তরুণ নেতা গণসংযোগ শুরু করেছেন। মনোনয়ন নিশ্চিত করতে তারা কেন্দ্রীয় পর্যায়েও সক্রিয় দৌড়ঝাঁপ চালাচ্ছেন। একাধিক সূত্র থেকে জানা গেছে এবার মেহেরপুরে মনোনয়নে চমক হতে পারে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডঃ কামরুল হাসান। ৫ আগষ্ট ফ্যাসিস্ট সরকার পতনের পর মেহেরপুরেও তরুণ নেতৃত্ব কে মেহেরপুরের জেলা বিএনপির দায়িত্বে আনা হয়েছে। এ কারনে সাবেক আহবায়ক কমিটিতে তরুন নেতৃত্ব জাভেদ মাসুদ মিল্টনকে আহবায়ক ও অ্যাডঃ কামরুল হাসানকে সদস্য সচিব করে আহবায়ক কমিটি করা হয়। এর পর থেকে এয় আহবায়ক কমিটি জোরেশোরে মাঠে নামে । রাজনৈতিক বিভিন্ন কর্মসুচির পাশাপাশি তারা জেলার সকল ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে গনতান্ত্রিক উপায়ে কমিটি করে জেলা বিএনপির কাউন্সিল সম্পূর্ন করে। বিএনপির কাউন্সিলে বিনা পতিদন্তিতায় জাভেদ মাসুদ মিল্টন সভাপতি ও অ্যাডঃ কামরুল হাসান সাধারন সম্পাদক নির্বাচিত হয়। এর পর থেকে মেহেরপুর ১ আসনে অ্যাডঃ কামরুল হাসানের কর্মসুচি চোখে পড়ার মতো। এয় তরুন বিএনপি নেতা

**মেহেরপুর ১ আসনে অ্যাডঃ কামরুল হাসানের কর্মসুচি চোখে পড়ার মতো। এয় তরুন বিএনপি নেতা ৩১ দফা লিফলেট বিতরন, গনসংযোগ, ছোট ছোট সমাবেশ ও বিনামুল্যে চিকৎসেবা সহ প্রত্যেকদিন রাজনৈতিক কর্মসুচি রাখছে।**

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## পূজার পর সতেজ থাকার কৌশল

সূর্যোদয় প্রতিবেদন

শারদীয় দুর্গোৎসবের আনন্দ-উচ্ছ্বাস শেষ হওয়ার পরের দিন অনেকের মুখেই দেখা দেয় ক্লান্তির ছাপ। রাতভর উৎসবের কারণে চোখে ফোলা ভাব, কালচে দাগ আর ত্বকের নিস্তেজতা স্বাভাবিক বিষয়। তবে কিছু সহজ উপায় মেনে চললে আবারও ফিরে পাওয়া যায় সতেজতা। বিশেষজ্ঞদের মতে, প্রথমেই মেকআপ ভালোভাবে তুলে ফেলা জরুরি। এরপর হালকা ফেসওয়াশ ও সপ্তাহে কয়েক দিন স্ক্রাব ব্যবহার করলে ত্বক পরিষ্কার থাকে। সকালে মুখে বরফ বুলিয়ে নিলে ফোলা ভাব কমে যায়, আর চোখে শসা, ঠান্ডা টি-ব্যাগ বা আলুর রস দিলে কালো দাগ হালকা হয়। এ সময় ভারী মেকআপ না করে হালকা সাজসজ্জা বেছে নেওয়াই উত্তম। বিবি ক্রিম বা টিন্টেড ময়েশ্চারাইজার, সামান্য কনসিলার ও হালকা ব্লাশ ব্যবহার করলে চেহারায় আসে স্বাভাবিক উজ্জ্বলতা। শুধু বাইরের যত্ন নয়, ভেতর থেকেও সতেজ থাকা জরুরি। এজন্য পর্যাপ্ত পানি পান, সকালে লেবু মিশ্রিত কুসুম গরম পানি এবং ওটস, দই, বাদাম ও ফলের মতো স্বাস্থ্যকর নাশতা কার্যকর ভূমিকা রাখে। উৎসব-উচ্ছ্বাসের পর

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিদ্যুৎস্পৃষ্টে নিহত শ্রমিক তারিকের দাফন সম্পন্ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোভিপুর গ্রামের বিদ্যুৎস্পৃষ্টে নিহত শ্রমিক তারিকের দাফন সম্পন্ন হয়েছে।গতকাল শুক্রবার সকালে গোভিপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়। তারিকের জানাজায় বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ, জেলা জামায়াতে ইসলামির আমির মাওলানা তাজ উদ্দিন খান, জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক এডভোকেট কামরুল হাসান, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, জেলা শিবিরের সাবেক সভাপতি সাইফুল ইসলামসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী ও সর্বস্তরের মানুষ অংশ নেন। গত ২১ সেপ্টেম্বর মেহেরপুর শহরের জার্মান সিটি গার্ডেন

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা ছাড়া ইসরায়েলের সঙ্গে সম্পর্ক নয়: সৌদি আরব

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা না হলে ইসরায়েলের সঙ্গে সম্পর্ক স্বাভাবিকীকরণের কোনো সুযোগ নেই বলে স্পষ্ট জানিয়েছেন সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী ফয়সাল বিন ফারহান আল-সৌদ। তিনি বলেছেন, ফিলিস্তিনের সার্বভৌম রাষ্ট্র গঠনই রিয়াদের প্রধান শর্ত, এ ইস্যুতে কূটনৈতিক সুবিধার জন্য সৌদি আরব কোনোভাবেই নীতি পরিবর্তন করবে না। লেবানিজ গণমাধ্যম আল-মায়েদিন জানিয়েছে, বৃহস্পতিবার জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে অংশ নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে সৌদি পররাষ্ট্রমন্ত্রী বলেন, “ফি-লিস্তিন রাষ্ট্র গঠন না হলে সৌদি আরব ও ইসরায়েলের মধ্যে সম্পর্ক স্বাভাবিক করার কোনো প্রক্রিয়া চলতে পারে না।” জাতিসংঘে বক্তব্যে ফয়সাল বিন

৩-এর পৃষ্ঠা দেখুন




## গুরু জেমস’র কনসার্ট নিয়ে হতাশ সূর্য ক্লাব

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের গোভিপুর স্কুল মাঠে ১০ অক্টোবর আয়োজনের জন্য পরিকল্পিত গুরু জেমসের কনসার্টের প্রশাসনিক অনুমোদন না পাওয়ায় হতাশা প্রকাশ করেছে সূর্য ক্লাব।গতকাল শুক্রবার দুপুরে সংবাদ লিখিত বক্তব্যে সূর্য ক্লাবের সভাপতি নাহিদ মাহমুদ সানি জানান, ক্লাবের গ্র্যান্ড ওপেনিং সেরিমনি উপলক্ষে আগামী ১০ অক্টোবর শহরের উপকণ্ঠে গোভিপুর স্কুল মাঠে “গুরু জেমস লাইভ ইন মেহেরপুর কনসার্ট ২০২৫” আয়োজনের পরিকল্পনা করা হয়। ইতিমধ্যে নগর বাউল ব্যান্ডের সঙ্গে আনুষ্ঠানিক চুক্তিও সম্পন্ন হয়েছে। আমরা গত ১০ সেপ্টেম্বর জেলা প্রশাসকের কাছে লিখিত আবেদন করি। জেলা প্রশাসক আবেদনটি পুলিশ সুপারের কাছে প্রেরণ করেন। তবে এখনো

৩-এর পৃষ্ঠা দেখুন

## নতুন দলের নিবন্ধনের কাজ শেষের পথে

### ছয়টি দল এগিয়ে, কারা পাচ্ছে ইসির নিবন্ধন

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নতুন রাজনৈতিক দল নিবন্ধনের প্রক্রিয়া প্রায় শেষ করেছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী সপ্তাহেই কমিশনের স্বাক্ষর শেষে গণবিজ্ঞপ্তি জারি করা হতে পারে। এর মধ্যেই প্রাথমিক বাছাই পেরিয়ে আসা ২২টি দলের কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের অস্তিত্ব, কমিটি ও দলিলপত্রের সরেজমিন তদন্ত শেষ হয়েছে। এখন অপেক্ষাড়কে পেতে যাচ্ছে নিবন্ধন সনদ। ইসির ঘোষিত রোডম্যাপ অনুযায়ী, ৩০ সেপ্টেম্বরের মধ্যে নিবন্ধন প্রক্রিয়া শেষ করার কথা থাকলেও কিছু দলের বিষয়ে অতিরিক্ত যাচাই-বাছাইয়ের কারণে সময় লাগছে। বৃহস্পতিবার প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন সাংবাদিকদের বলেন, “টার্গেট ছিল এ মাসেই শেষ করা। কিন্তু নানা অভিযোগ আসছে, আমাদের নিজস্ব পদ্ধতিতে যাচাই করতে হচ্ছে। নিশ্চিত হতে হচ্ছে, দলগুলো সঠিক তথ্য দিয়েছে কি না। এজন্য কিছুটা সময় লাগছে।”

তিনি আরও জানান, নিবন্ধনের বিষয়ে গণবিজ্ঞপ্তি দিলেও তা প্রাথমিক ধাপ। কোনো আপত্তি বা অভিযোগ উঠলে তা নিস্পত্তির পরই চূড়ান্ত নিবন্ধন দেওয়া হবে। তবে কোন দল নিবন্ধন পাচ্ছেড়তা এখনই প্রকাশ করতে চাননি সিইসি। ইসি সূত্র জানায়, মাঠ পর্যায়ের তদন্ত শেষে ছয়টি দল নিবন্ধন পাওয়ার দৌড়ে এগিয়ে আছে। এগুলোর মধ্যে রয়েছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি), বাংলাদেশ আম জনগণ পার্টি, বাংলাদেশ নেজামে ইসলাম পার্টি, বাংলাদেশ জাতীয় লীগসহ আরও দুটি দল। সংশ্লিষ্ট নথি ইতোমধ্যে কমিশনের টেবিলে তোলা হয়েছে। আগামী সপ্তাহে কমিশনের অনুমোদনের পর গণবিজ্ঞপ্তি জারি হবে। অন্যদিকে, ১০টি দলের বিষয়ে পুনঃতদন্তের সিদ্ধান্ত হয়েছে এবং বাকি ৬টি দলের আবেদন বাতিল করা হয়েছে। বর্তমানে নিবন্ধিত রাজনৈতিক দলের সংখ্যা ৫১। নতুন ছয়টি দল নিবন্ধন পেলে এই সংখ্যা দাঁড়াবে ৫৭-এ। উল্লেখ্য, ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে প্রথমবারের মতো দল নিবন্ধনের প্রথা চালু করে ইসি। জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) নিবন্ধন

৩-এর পৃষ্ঠা দেখুন



## প্রশ্নবিদ্ধ নির্বাচনে যুক্ত কর্মকর্তারা ভবিষ্যতে দায়িত্ব পাবেন না: ইসি আনোয়ার

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার বলেছেন, অতীতের প্রশ্নবিদ্ধ নির্বাচনে যেসব কর্মকর্তা অবৈধ কর্মকাণ্ডে যুক্ত ছিলেন, তাদের ভবিষ্যতে কোনো নির্বাচনী দায়িত্ব দেওয়া হবে না। শুক্রবার চাঁপাইনবাবগঞ্জের শহীদ সাটু হল অডিটোরিয়ামে ‘নির্বাচন প্রক্রিয়ায় ভোটগ্রহণকারী কর্মকর্তাদের দায়িত্ব পালনে চ্যালেঞ্জসমূহ

৩-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন নিয়ে সারজিসের হুঁশিয়ারির জবাব দিলেন প্রেসসচিব

সূর্যোদয় প্রতিবেদন

প্রধান উপদেষ্টার ঘোষণার পর নির্বাচন কমিশন (ইসি) প্রস্তুতি নিচ্ছে আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের জন্য। নতুন রাজনৈতিক দল নিবন্ধন ও প্রতীক বরাদ্দ নিয়েও চলছে তোড়জোড়। এর মধ্যেই বিতর্ক সৃষ্টি করেছে এনসিপির প্রতীক সংকট। সম্প্রতি ইসি সচিব জানিয়েছেন, এনসিপি শাপলা প্রতীক পাচ্ছে না। এ ঘোষণার পরই দলের বহু নেতা কঠোর অবস্থানের হুঁশিয়ারি দিয়েছেন। এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম

৩-এর পৃষ্ঠা দেখুন



## জেন-জি বিক্ষোভে উত্তাল শীতল লাদাখ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের হিমালয় অঞ্চলের কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ লাদাখ উপত্যকা ফের উত্তপ্ত হয়ে উঠেছে। দীর্ঘদিনের শান্তিপূর্ণ আন্দোলন ভেঙে বুধবার জেন-জি নেতৃত্বাধীন সহিংস বিক্ষোভে কেঁপে ওঠে অঞ্চলটি। পৃথক রাজ্যের মর্যাদা ও চাকরিতে কোটার দাবিতে বিক্ষুব্ধ

৩-এর পৃষ্ঠা দেখুন

## এখন ত্রাণের নৌযান রক্ষায় রণতরী

সূর্যোদয় প্রতিবেদন

ভূমধ্যসাগরে গাজামুখী ত্রাণবাহী জাহাজে ড্রোন হামলার পর ইউরোপ ও ইসরায়েলের মধ্যে উত্তেজনা বেড়েছে। সহায়তা সংস্থা গ্লোবাল সুমুদ ফ্লোটিলার (জিএসএফ) জাহাজে হামলার ঘটনায় দুই পক্ষের মধ্যে সরাসরি সংঘাতের শঙ্কা তৈরি হয়েছে। এই পরিস্থিতিতে ত্রাণবাহী জাহাজগুলোর নিরাপত্তায় রণতরী মোতায়েন করেছে ইতালি ও স্পেন। তারা জানিয়েছে, যে কোনো পরিস্থিতি মোকাবিলায় তাদের যুদ্ধজাহাজ প্রস্তুত রয়েছে। স্পেনের নৌবাহিনীও সক্রিয়ভাবে সুরক্ষামূলক পদক্ষেপ

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## চাঁদের মেরু অঞ্চলে মরিচা ধরা ধাতুর সন্ধান পেলেন বিজ্ঞানীরা

সূর্যোদয় প্রতিবেদন

চাঁদের মেরু অঞ্চলে মরিচা ধরা ধাতু বা ‘হেমাটাইট’ (এক ধরনের আয়রন অক্সাইড/লৌহ অক্সাইড) আবিষ্কার করেছেন বিজ্ঞানীরা। সাধারণত মরিচা ধরার জন্য পানি ও অক্সিজেন লাগে। অথচ চাঁদে এ দুই উপাদানই খুব কম। তাই এ আবিষ্কার বিজ্ঞানীদের কাছে বিস্ময়কর মনে হচ্ছে।

চীনের ম্যাকাও ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির গবেষক জিলিয়াং জিন ও তার সহকর্মীরা জানিয়েছেন, এই আবিষ্কার পৃথিবী ও চাঁদের গভীর সম্পর্ক বোঝার নতুন দিক উন্মোচন করেছে। তাদের গবেষণা সম্প্রতি জিওফিজিক্যাল রিসার্চ লেটারস জার্নালে প্রকাশিত হয়েছে।



গবেষকদের ধারণা, পৃথিবীর বায়ুমণ্ডলের অক্সিজেন বিশেষ পরিস্থিতিতে চাঁদে পৌঁছায়। প্রতি মাসে প্রায় পাঁচ দিন পৃথিবী সূর্য ও চাঁদের মাঝখানে অবস্থান করে। এ সময় সূর্যের চার্জযুক্ত কণার প্রভাব কমে যায়

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত–ই–খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শনিবার, ২৭ সেপ্টেম্বর ২০২৫ ইং

## শিক্ষার মানের প্রশ্নে: বইয়ের বাজারে স্বচ্ছতা জরুরি

শিক্ষার মান অক্ষুণ্ণ রাখার অন্যতম প্রধান শর্ত হলো মানসম্মত পাঠ্যবইয়ের প্রাপ্যতা। কিন্তু দুঃখজনকভাবে দেখা যাচ্ছে, মেহেরপুরে একই বই একাধিক নাম, প্রচ্ছদ ও প্রকাশকের মোড়কে বাজারজাত হচ্ছে। এর ফলে শিক্ষার্থীরা বিভ্রান্ত হচ্ছে, শিক্ষকরা সঠিক উৎস নির্ধারণে সমস্যায় পড়ছেন এবং সামগ্রিকভাবে শিক্ষা ব্যবস্থার বিশ্বাসযোগ্যতা প্রশ্নের মুখে পড়ছে। একই পাণ্ডুলিপি ভিন্ন ভিন্ন মোড়কে বাজারজাত করার এই অনিয়ম নিছক ব্যবসায়িক কৌশল নয়, এটি সরাসরি শিক্ষার মানে আঘাত। শিক্ষার্থীরা যখন একাধিকবার একই বই কিনে প্রতারিত হন, তখন তাদের পড়াশোনার ধারাবাহিকতা ব্যাহত হয় এবং আস্থা নষ্ট হয়। শিক্ষকরা যেমন বলছেন, পাঠ্যসূচি ও উদাহরণ একই হলেও প্রচ্ছদ ও নামের ভিন্নতা শিক্ষার্থীদের বিভ্রান্ত করে।এ ক্ষেত্রে প্রকাশনা সংস্থাগুলোর দায় এড়ানোর সুযোগ নেই। অক্ষর প্রত্র প্রকাশনী কিংবা পাঞ্জেরী পাবলিকেশনের মতো প্রতিষ্ঠানগুলো যদি একই বই বারবার ভিন্ন মোড়কে বাজারজাত করে, তবে তা শিক্ষাক্ষেত্রে অনৈতিক বাণিজ্যেরই নামান্তর। অন্যদিকে, কিছু বই বিক্রেতা বিক্রির সুবিধার্থে এ অনিয়মে সায় দিচ্ছেন, যা শিক্ষার্থীদের ভবিষ্যৎ নিয়ে বাণিজ্য করার সামিল। অবশ্যই, জেলা শিক্ষা অফিসের উদ্যোগ ইতিবাচক। বাজারে বইয়ের মান ও বিক্রয় প্রক্রিয়ায় কঠোর তদারকি নিশ্চিত করা এখন সময়ের দাবি। পাশাপাশি শিক্ষার্থীদেরও সচেতন হতে হবেড়বই কেনার আগে প্রকাশক, প্রকাশ সাল ও আইএসবিএন নম্বর যাচাই করা অত্যন্ত জরুরি। বিশেষজ্ঞরা যথার্থই বলেছেনড়বইয়ের বাজারে স্বচ্ছতা না থাকলে শিক্ষার্থীদের মানসম্মত জ্ঞান অর্জন ব্যাহত হবে। শিক্ষাকে বাণিজ্যের পণ্যে পরিণত করা চলতে পারে না। প্রকাশনা প্রতিষ্ঠান, বই বিক্রেতা এবং তদারকির দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষড়সব পক্ষেরই দায়িত্বশীল ভূমিকা নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীর স্বপ্ন ও ভবিষ্যৎ নিয়ে বাণিজ্য করা যায় না। তাই এখনই প্রয়োজন কঠোর নজরদারি, সুনির্দিষ্ট নীতিমালা এবং দায়বদ্ধ প্রকাশনা সংস্কৃতি গড়ে তোলা। তাহলেই শিক্ষার মান রক্ষা পাবে, বিভ্রান্তি দূর হবে এবং শিক্ষার্থীরা তাদের কাঙ্ক্ষিত জ্ঞান অর্জনের পথে এগিয়ে যেতে পারবে।

# ঋতুর কতকথা

নাসরীন সুলতানা চৌধুরী

শেষ পর্ব

শহরাঞ্চলে বসবাস করছি বলে হেমন্ত কালের প্রাকৃতিক বৈশিষ্ট্যগুলি তেমনভাবে অনুভব করতাম না। তবে এই ঋতুটিই শীতের আগমনী বার্তা নিয়ে আসত। গ্রামে যাদের বসবাস তাদের জন্য এ হেমন্ত কালটি খুবই গুরূত্বপুর্ণ। এই কালটি কৃষকের আনন্দের কাল । আমন ও আউশ ধান ঘরে তোলার সময় এটি। এই ঋতুতে ফসলের সমারোহের জন্যই সম্রাট আকবর এই কালের অগ্রহায়ণ মাসটিকে বছরের প্রথম মাস ও খাজনা তোলার মাস বলে ঘোষণা দিয়েছিলেন। আমাদের দেশের বাংলা মাধ্যমের স্কুলগুলির বার্ষিক পরীক্ষা শেষ হয়ে বাৎসরিক লম্বা ছুটি থাকে শীতকালে।বিয়েসহ যাবতীয় সামাজিক অনুষ্ঠানগুলিও হয় শীতের সময়। সুতরাং শীতের সময় চারদিকে উৎসব উৎসব পরিবেশ থাকতো। শীতের বিকালে বের হলে এখন ও চারদিকের "ফেস্টিভ মুড " লক্ষ্য করা যায়। শীতের পরেই আসে সবার প্রিয় বসন্ত কাল। বসন্ত কাল মানেই ঋতুদের রাজা। এই রাজার আগমনে কোকিলেরা ডেকে উঠত, ফুলের সমারোহ হৃদয়কে নাড়া দিত। প্রেমের ঋতুও এই বসন্ত। বর্তমানে বসন্তকালেও এমন গরম পড়ে যায় যে, বসন্তের দক্ষিণা মৃদূ মন্দ বাতাসের যে আবেদন ছিল তা আজ আর তেমন ভাবে অনুভুত হয় না। কোকিল কেন জানি, অভিমান করে এখন আর বসন্ত কালে ডাকে না। বসন্ত কালের ফেব্রুয়ারিতে বা ফাগুনের লাল কৃষ্ণচুড়া পলাশ, শীমূল এখন ফোঁটে না। এগুলো ফোঁটার সময় প্রকৃতি একটু পিছিয়ে দিয়েছে। গত কয়েক বছর থেকে লক্ষ করছি, মার্চ মাসের শেষে এসে এই ফুলগুলি ফুটছে। "বসন্ত এসে গেছে" এভাবে না জানালে আজ আর জানা হয় না বসন্ত সত্যিই এসে গেছে। বসন্তকে ঘিরে হলুদ লাল , শাড়ি আর পান্জাবি পরার হিড়িক দেখে বুঝি, ওহ ! আজ বসন্তের প্রথম দিন। বাড়ির গৃহকর্মী পহেলা বৈশাখের জন্য লাল সাদা থ্রি পিসের বায়না ধরলে টনক নড়ে ওঠে, নতুন বছর দারপ্রান্তে। ২০১৭সালে পহেলা বৈশাখ উপলক্ষ্যে ষাট থেকে সত্তুর কোটি টাকার ফুল বিক্রি হয়েছে। ফাল্গুন মাসের এক তারিখ বসন্তের প্রথম দিন। একে কেন্দ্র করে যে পরিমাণ ফুলের বানিজ্য হয় ,তা হয়তো অর্থনীতির জন্য সুখবর। যশরের গদখালী হচ্ছে দেশের অন্যতম বৃহৎ ফুলের মোকাম। ফুল বিক্রেতাদের সংগঠন থেকে বলা হয় ,২০১৬ সালে, ফাল্গুন কে উদযাপন করতে সারা দেশে প্রায় বিশ থেকে তিরিশ কোটি টাকার ফুলের ব্যবসা হয়েছে। আনুষ্ঠানিকতার কবলে পড়ে আমাদের ঋতুগুলির বাণিজ্যিকীকরণের ঘটেছে। আমাদের প্রাকৃতিক ঋতুগুলি যেভাবে অনুষ্ঠান আর আনুষ্ঠানিকতার উদযাপনের বেড়াজালে জড়িয়ে যাচ্ছে তাতে ভিষণ ভীত আমি । এগুলিকে উদযাপন সর্বস্ব অনুষ্ঠান ভাবলে ওদুর ভবিষ্যতে কবি সুভাষ মুখোপাধ্যায়ের মতো আফসোস করে বলতে হবে" ফুল ফুটুক আর নাই ফুটুক আজ বসন্ত ।" একজন নিম্ন পর্যায়ের প্রকৃতিপ্রেমী হিসাবে আমি চাই, প্রকৃতি যেন তার রহস্যময় পার্থক্যমুলক স্বকীয় বৈশিষ্ট্য গুলি বজায় রেখেই ধরা দেয় আমাদের জীবন যাত্রায়। ( লেখক ও গবেষক, বনানী, ঢাকা।) ।

# অমুসলিমদের উৎসবে মুসলমানদের আচরণ যেমন হওয়া উচিত

মুহাম্মদ আল আমিন

বাংলাদেশ এমন একটি দেশ, যেখানে ধর্মীয় সম্প্রীতির এক দীর্ঘ ঐতিহ্য রয়েছে। মুসলমান, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান সব ধর্মের মানুষ যুগে যুগে এখানে শান্তিপূর্ণভাবে বসবাস করে আসছে। তবে এটাও সত্য, মাঝে মাঝে ভুল বোঝাবুঝি বা রাজনৈতিক প্ররোচনায় সাম্প্রদায়িক অস্থিরতা সৃষ্টি হয়েছে। ইতিহাস বলছে, এ ধরনের অনভিপ্রেত ঘটনার পেছনে ধর্ম নয়, বরং রাজনৈতিক উদ্দেশ্যই প্রাধান্য পেয়েছে। ধর্মের আসল শিক্ষা কখনো অশান্তি ডেকে আনে না।পবিত্র কোরআনে আল্লাহ বলেন যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি এবং ঘরবাড়ি থেকে উৎখাত করেনি, তাদের প্রতি সদয় ও ন্যায়সঙ্গত আচরণ করতে আল্লাহ নিষেধ করেন না। বরং তিনি ন্যায়পরায়ণদের ভালোবাসেন (সূরা মুমতাহিনা)। এ আয়াত আমাদের সামনে সুস্পষ্ট নীতিমালা তুলে ধরেড়অমুসলিমদের সঙ্গে সামাজিক ও মানবিক সম্পর্ক স্বাভাবিকভাবেই বজায় রাখতে হবে। রাসুলুল্লাহ (সা.)-এর জীবনেও আমরা এর বাস্তব দৃষ্টান্ত পাই। একবার তাঁর সামনে দিয়ে একটি জানাজা যাচ্ছিল। তাঁকে বলা হলোড়এটি এক ইহুদির লাশ। তখন তিনি বললেন, "সে কি মানুষ নয়?" (বোখারি, মুসলিম)। অর্থাৎ মানুষ হিসেবে মর্যাদা প্রদর্শন করা ইসলামের শিক্ষা। তবে ইসলামের উদারতা মানে উদাসীনতা নয়। ধর্মীয় স্বাতন্ত্র্য রক্ষা করা একজন মুসলমানের কর্তব্য। যেমন, আশুরার রোজা পালনকালে ইহুদিদের রোজার সঙ্গে সাদৃশ্য না হয়, সেজন্য রাসুল (সা.) অতিরিক্ত একটি রোজা রাখার নির্দেশ দিয়েছেন। ইবাদতের ক্ষেত্রেও তিনি মুসলমানদের স্বকীয়তা রক্ষার ওপর গুরুত্ব দিয়েছেন। আমাদের দেশে পূজা-পার্বণের সময় অনেককে বলতে শোনা যায় "ধর্ম যার যার, উৎসব সবার।" কিন্তু বাস্তবে দেখা যায়, এ স্লোগান কেবল পূজার সময়েই উচ্চারিত হয়; মুসলমানদের ঈদে নয়। ফলে এ স্লোগানের পেছনে অন্য উদ্দেশ্যের গন্ধ পাওয়া যায়। হিন্দু ধর্মাবলম্বীদের পূজা-পার্বণ তাদের জন্য অবশ্যই গুরুত্বপূর্ণ। ইসলাম তাদের ধর্মীয় আচারে কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করতে বলেনি। তবে মুসলমানদের জন্য পূজায় অংশ নেওয়া অনুমোদিত নয়, কারণ পূজার মূল আনুষ্ঠানিকতা শিরকনির্ভর আর শিরক ইসলামের দৃষ্টিতে সবচেয়ে বড় গুনাহ। কোরআনে আল্লাহ স্পষ্টভাবে বলেছেন তিনি তাঁর সঙ্গে শরিক করা ক্ষমা করবেন না (সূরা নিসা)। অতএব, হিন্দু সম্প্রদায় যখন তাদের ধর্মীয় আচারে মগ্ন থাকে, মুসলমানদের দায়িত্ব হবে সৌজন্য বজায় রাখা, শান্তি ও সম্প্রীতি অক্ষুণ্ণ রাখা, কিন্তু শিরকসংশ্লিষ্ট কাজে শরিক না হওয়া। প্রসঙ্গত, পূজার সময় বিভিন্ন স্থানে মন্দিরে হামলা বা প্রতিমা ভাঙচুরের মতো ঘটনা ঘটে থাকে। এটি কোনোভাবেই জায়েজ নয়। ইসলাম এসব কর্মকাণ্ড কঠোরভাবে নিষিদ্ধ করেছে। যারা এ ধরনের অপকর্ম করে, তারা প্রকৃত ইসলাম সম্পর্কে অজ্ঞ। তাই সমাজের দায়িত্বশীলদের সচেতন থাকতে হবে, যেন কোনো উসকানি বা ষড়যন্ত্রে সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট না হয়। ইসলামের শিক্ষা স্পষ্ট মানবিক সম্পর্ক, সামাজিক সৌজন্য ও পারস্পরিক সদ্ভাব বজায় রাখা জরুরি। কিন্তু ধর্মীয় বিশ্বাস ও স্বাতন্ত্র্য রক্ষা করাও সমানভাবে গুরুত্বপূর্ণ। মুসলমানদের উচিত উদারতার পরিচয় দেওয়া, তবে নিজের ধর্মীয় সীমারেখা অটুট রেখে। আর সবচেয়ে জরুরি বিষয় হলো যেকোনো মূল্যে শান্তি ও সম্প্রীতি বজায় রাখা, যা এই ভূখণ্ডের চিরায়ত ঐতিহ্য।

## গোলাম পরওয়ার

(প্রথম পৃষ্টার পর)

পদক্ষেপ নেবে। ডুমুরিয়া-ফুলতলা অঞ্চলের প্রধান সমস্যা জলাবদ্ধতার কথা তুলে ধরে তিনি বলেন, এর মূল কারণ বিল ডাকাতিয়া। এ সমস্যার সমাধানে মহাপরিকল্পনা গ্রহণ করা হবে। একইসঙ্গে ডুমুরিয়াকে ব্যবসায়িক হাবে রূপান্তরের পরিকল্পনা রয়েছে। শিক্ষা খাত নিয়ে তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠানের আমূল সংস্কার করা হবে। শিক্ষার্থীরা পাশ করার সঙ্গে সঙ্গেই চাকরির ব্যবস্থা থাকবে। যাদের চাকরি দেওয়া সম্ভব হবে না, তাদের বেকার ভাতা প্রদান করা হবে। পাশাপাশি কারিগরি শিক্ষার প্রসার ঘটিয়ে দেশকে অর্থনৈতিকভাবে সমৃদ্ধ করা হবে। সমাবেশে জামায়াতে ইসলামীর বিভিন্ন স্তরের নেতা-কর্মী এবং ইসলামী ছাত্রশিবিরের নেতারা উপস্থিত ছিলেন।

## ৫ দফা দাবিতে জামায়াতের বিক্ষোভ মিছিল

(প্রথম পৃষ্টার পর)

থেকে শুরু হয়। সমাবেশে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাঃ রবিউল ইসলাম। সমাবেশ শেষে নেতাকর্মীরা একটি মিছিল নিয়ে বের হন। মিছিলটি গাংনী বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে গাংনী বাজার বাসস্ট্যান্ড চত্বরে এসে সমাপ্ত হয়। মিছিল ও সমাবেশে অংশগ্রহণকারীরা বিভিন্ন দাবির সঙ্গে স্লোগান দেন।জামায়াতের জেলা ও উপজেলা নেতারা বক্তব্য রাখেন। এতে অংশ নেন মেহেরপুর জেলা শূরা ও কর্মপরিষদ সদস্য ও গাংনী আসনের জামায়াত মনোনীত প্রার্থী নাজমুল হুদা, জেলা শূরা সদস্য মাওলানা আব্দুল মজিদ, পৌর জামায়াতের আমির আহসানুল হক, উপজেলা সেক্রেটারি মাওলানা জাহাঙ্গীর আলম, পৌর সেক্রেটারী ওয়েস করুনী জামিল, উপজেলা বায়তুমাল সম্পাদক শামসুল হুদা এবং অন্যান্য নেতা-কর্মীরা।

## আওয়ামী লীগের দ্বিতীয় ঘর

(প্রথম পৃষ্টার পর)

।কোনো সাইনবোর্ড, শেখ হাসিনা বা বঙ্গবন্ধুর ছবি। এমনকি ভেতরেও রাজনৈতিক পরিচয়ের কোনো চিহ্ন রাখা হয়নি। আগের ভাড়াটিয়া প্রতিষ্ঠানের ফেলে যাওয়া চেয়ার-টেবিল দিয়েই চলছে অফিস। প্রায় ২,৫০০ু২,৬০০ স্কয়ারফুট জায়গার এই দপ্তরে একসঙ্গে ৩০ু৩৫ জন বসতে পারেন। ছোট বৈঠক হয় নেতাদের বাসায়, আর শতাধিক নেতা-কর্মীর উপস্থিতিতে বড় বৈঠকের জন্য ভাড়া নেওয়া হয় রেস্তরাঁ বা ব্যাংকয়েট হল। এক নেতা জানান, "এটা অফিস হলেও প্রকাশ্য কোনো চিহ্ন রাখা হয়নি। আসলে নিয়মিত দেখা-সাক্ষাৎ, বৈঠকের জন্য একটি নির্দিষ্ট জায়গার দরকার ছিল বলেই এটি নেওয়া হয়েছে।" বাংলাদেশ ছাড়ার পর বহু সাবেক মন্ত্রী, সংসদ সদস্য, জেলা সভাপতি-সম্পাদকসহ অন্তত ২০০ জন নেতা কলকাতা ও আশপাশে বসবাস করছেন। কেউ সপরিবারে, কেউবা কয়েকজন মিলে ভাড়া ফ্ল্যাটে। আওয়ামী লীগের সহযোগী সংগঠনগুলোর শীর্ষ নেতারাও রয়েছেন এই তালিকায়। দলীয় সূত্রে জানা গেছে, বর্তমানে দ্বাদশ সংসদের অন্তত ৮০ জন সাবেক সংসদ সদস্য কলকাতায় অবস্থান করছেন। তাদের মধ্যে অনেকে আবার যুক্তরাষ্ট্র, কানাডা বা অস্ট্রেলিয়ায় চলে গেছেন। তবে যারা এখনও ভারতে আছেন, তারা প্রায় সবাই এই নতুন দপ্তরে আসেন। যদিও সাধারণ মানুষ অফিসটির প্রকৃত পরিচয় জানেন না, তবে রাজনৈতিক মহলে নিশ্চিতভাবে ধারণা করা হচ্ছে ভারতীয় গোয়েন্দারা বিষয়টি অবগত। তাদের অনুমোদন ছাড়া কলকাতার বাণিজ্যিক কমপ্লেক্সের ভেতরে এভাবে আওয়ামী লীগের কার্যক্রম চালানো সম্ভব নয়। ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের সম্মতি ছিল বলেই এই দপ্তর চালু হয়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা। রাজনৈতিক আশ্রয়ের শহর হিসেবে কলকাতা বহুদিন ধরেই বাংলাদেশের বিভিন্ন সময়ের রাজনৈতিক নেতাদের জন্য নিরাপদ জায়গা। তবে এবার তা আওয়ামী লীগের জন্য যেন দ্বিতীয় ঘরে পরিণত হয়েছে। যদিও বাইরে থেকে অফিসটি নিছকই একটি বাণিজ্যিক প্রতিষ্ঠান বলে মনে হয়, ভেতরে চলছে আওয়ামী লীগের নতুন অধ্যায়ের পরিকল্পনা ও সাংগঠনিক তৎপরতা।

## মুজিবনগরে পুলিশের অভিযানে গরু

(প্রথম পৃষ্টার পর)

জেলার আইনশৃঙ্খলা বজায় রাখতে এবং অপরাধ দমনের জন্য অভিযান চলমান থাকবে।

## ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের পরীক্ষা অনুষ্ঠিত

(প্রথম পৃষ্টার পর)

ট্রেইনার মো. ইমাম হোসেন। ই-লার্নিং এন্ড আর্নিং লিমিটেড মেহেরপুর ব্রাঞ্চে পরীক্ষায় শতাধিক কর্মপ্রত্যাশী অংশ নেন। পরীক্ষায় উত্তীর্ণরা পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবেন। সফল প্রার্থীরাই প্রশিক্ষণ আসন নিশ্চিত করতে পারবেন। পরিদর্শনকালে কর্মকর্তারা জানান, সরকারের এ উদ্যোগ দেশের তরুণদের তথ্যপ্রযুক্তি নির্ভর দক্ষতায় গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। একই সঙ্গে নতুন কর্মসংস্থানের পাশাপাশি বৈদেশিক মুদ্রা অর্জনের সুযোগও তৈরি হবে।

## গাংনীতে ওয়ান শুটার গান ও গুলিসহ

(প্রথম পৃষ্টার পর)

সৌমিকের বাড়িকে অভিযান পরিচালনা করে তাকে আটক করে। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে একটি ভারতীয় ওয়ান শুটার গান ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়। কোম্পানি কমান্ডার আরও জানান, আটক সুমন আহম্মেদ সৌমিকের বিরুদ্ধে ১৮৭৮ সালের অস্ত্র আইনে মামলা দায়ের করে গাংনী থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে। আটক সুমন আহম্মেদ সৌমিক কাজিপুর গ্রামের বাদিয়াপাড়ার তাইজেল ইসলামের ছেলে।

## ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিল

(প্রথম পৃষ্টার পর)

অন্যান্য দাবি।বিক্ষোভ মিছিলটি শহরের কোর্ট মোড় থেকে শুরু হয়ে শহীদ শামসুজ্জোহা পার্কে গিয়ে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন, বাংলাদেশ ইসলামী আন্দোলন মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রভাষক মোঃ খাদিমুল ইসলাম। এছাড়াও এসময় জেলা সেক্রেটারি মাওলানা আরিফুল ইসলাম, সদর থানা সভাপতি মাওলানা সালাউদ্দিন, মুজিবনগর থানা সভাপতি মাওলানা আমিনুল ইসলাম, ইসলামী যুব আন্দোলনের জেলা সভাপতি মাওলানা আশরাফ শাহাজাহান প্রমুখ উপস্থিত ছিলেন।

## জাকির হোসেন

(প্রথম পৃষ্টার পর)

উদযাপন কমিটির নেতাদের সঙ্গে মতবিনিময় করে সার্বিক দিক নিয়ে আলোচনা করেন এবং নিরাপদ পরিবেশে পূজা সম্পন্ন করতে পরামর্শ প্রদান করেন। জাকির হোসেন বলেন, "আসন্ন শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে পালনে সর্বোচ্চ সহযোগিতা করতে প্রস্তুত রয়েছে মেহেরপুর জেলা বিএনপি। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনা বাস্তবায়নে আমরা কাজ করছি। সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা ও পারস্পরিক সৌহার্দ্য বজায় রাখা আমাদের অঙ্গীকার।" পূজা মণ্ডপ পরিদর্শনকালে উপস্থিত ছিলেন পূজা উদযাপন কমিটির সভাপতি ধীরেন বাবু, মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রতিষ্ঠাকালীন সাবেক অধ্যক্ষ ড. গাজি রহমান, মেহেরপুর জেলা শিক্ষক সমিতির সভাপতি ইসরাইল হোসেন, জেলা যুবদলের সহ-সভাপতি আসাদুল হক, জেলা নবীনদল সভাপতি আনোয়ার শেখ, সাধারণ সম্পাদক নাজমুল হাসান সোহাগসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

## মোহাম্মদপুরে ট্রান্সফরমার চুরি

(প্রথম পৃষ্টার পর)

এমন ঘটনা ঘটলেও এর নিরাপত্তায় তেমন কোনো উদ্যোগ নেওয়া হয় না, ফলে আমরা বারবার ক্ষতির মুখে পড়ছি," অভিযোগ করেছেন এলাকার একজন কৃষক। চুরি হওয়া ট্রান্সফরমারের কারণে শুধু ফসলের ক্ষতি নয়, ওই এলাকার বিদ্যুৎ সরবরাহও ব্যাহত হয়েছে। এলাকাবাসী জানিয়েছেন, বৈদ্যুতিক সরঞ্জামের নিরাপত্তা ব্যবস্থা না থাকায় চোরপাচার একটি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বাণী ইসরাইল বলেন, খবর পাওয়ার সঙ্গে সঙ্গে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেছে। তিনি আরও জানান, চুরিতে জড়িতদের শনাক্ত ও আটক করার চেষ্টা চলছে। স্থানীয় প্রশাসনের পক্ষ থেকে দ্রুত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া না হলে কৃষকরা পুনরায় ক্ষতির মুখে পড়ার আশঙ্কা করছেন।

## আমজাদ হোসেন

(প্রথম পৃষ্টার পর)

করতে শিখুন, অন্যায়ের প্রতিবাদ করতে শিখুন। আমি যদি অন্যায় করি, আমার বিরুদ্ধেও প্রতিবাদ করবেন।" গতকাল শুক্রবার বিকেলে গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের হাড়াভাঙ্গা ৬নং ওয়ার্ড বিএনপির আয়োজিত কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জামায়াতের সমালোচনা করে তিনি বলেন, "তারা এলাকায় ভোট চাইছে, কিন্তু বলছে যেভাবেই হোক ভোট হলে তা গ্রহণ করবে। তাহলে পি আর পদ্ধতির কথা কোথায় গেল? ঢাকায় আন্দোলনের কথা বলছেন, আর গ্রামে এসে শুধু ভোট চাইছেন এমন ভিন্ন ভিন্ন বক্তব্য জনগণকে বিভ্রান্ত করছে।" আওয়ামী লীগ নিয়ে সমালোচনা করে আমজাদ হোসেন বলেন, "যদি বিএনপিকে ক্ষমতায় আনা না যায়, তবে আগের মতোই জনগণ আবারও নির্যাতন-নিপীড়নের শিকার হবে। আওয়ামী লীগ ষড়যন্ত্রের রাজনীতি করছে। এমনকি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে ডিম নিক্ষেপ করে আঘাত করা হয়েছে, কিন্তু জামায়াতের কাউকে এ ধরনের আক্রমণের শিকার হতে হয়নি।" তিনি ষড়যন্ত্র প্রতিহত করতে নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। সভায় সভাপতিত্ব করেন ৬নং ওয়ার্ড বিএনপির সাবেক সভাপতি আতিয়ার রহমান। সম্মেলনে আরও উপস্থিত ছিলেন বিএনপি নেতা সাজেদুর রহমান বুলবুল, মুস্তাফিজুর রহমান বাবলু, সাবেক পৌর কাউন্সিলর নাসির উদ্দীন, রাইপুর ইউনিয়ন বিএনপির সাবেক সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, সাবেক জেলা যুবদল নেতা আব্দুল মতিন, বিএনপি নেতা গোলাম সরোয়ার, নূরাল মোল্লা, বজলুর রহমান, আবদুল্লাহ, সাহিন, সাহাবুল, তৌহিদুল ইসলাম, হুরমত আলী, রইচ উদ্দীন মাস্টারসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

## অ্যাড. কামরুল এর উদ্যোগে

(প্রথম পৃষ্টার পর)

বিদ্যালয় প্রাঙ্গণে এই মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়। কুস্টিয়া ল্যাব কেয়ার-এর যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত এই ক্যাম্পে ২২ জন বিশেষজ্ঞ চিকিৎসক প্রায় ২ হাজার সাধারণ মানুষের চিকিৎসা সেবা প্রদান করেন। এছাড়াও প্রাথমিক ও প্রয়োজনীয় ওষুধও বিনামূল্যে বিতরণ করা হয়। চিকিৎসা নিতে আসা বেল্লাল হোসেন বলেন, 'এখানে অনেক ভালো চিকিৎসা সেবা পেয়েছি। ডাক্তারদের ব্যবহারে আমরা মুগ্ধ যা প্রশংসনীয়।' মেডিকেল ক্যাম্পের প্রধান সমন্বয়ক ও ল্যাব কেয়ারের চেয়ারম্যান ডা: সজিবুল হক বলেন, 'এই ক্যাম্পের আয়োজন করেছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান। তিনি ব্যক্তিগতভাবে শহর সহ বিভিন্ন ইউনিয়নে প্রতি সপ্তাহে এ ধরনের সেবামূলক কর্মকাণ্ড পরিচালনা করে যাচ্ছেন।" তিনি আরও জানান, 'এই মেডিকেল ক্যাম্পে প্রায় দুই হাজার মানুষকে চিকিৎসা সেবা দেওয়ার লক্ষ্যে আমরা কাজ করছি। জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসান বলেন, 'নিয়মিতই জনকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে যাবো। এছাড়া আসহায় মানুষের চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষে প্রতি সপ্তাহে এ কার্যক্রম চলবে।

## মেহেরপুরের যুব উন্নয়নে উদ্যোক্তা

(প্রথম পৃষ্টার পর)

৩বেসরকারি অফিসে চাকরি পেয়েছেন, আর কয়েকশ যুবক রেমিট্যান্স যোদ্ধা হিসেবে বিদেশে কর্মসংস্থান পেয়েছেন। তিনি বিশ্বাস করেন শিক্ষিত বেকার মানেই অভিশাপ। সেই অভিশাপ দূর করতে তিনি অভিভাবকের মতো পাশে দাঁড়িয়েছেন তরুণ সমাজের। শুধু প্রশিক্ষণ নয়, কর্মসংস্থানের বাস্তব সুযোগ তৈরি করাও তাঁর লক্ষ্য। রশ্মি কম্পিউটার মেহেরপুর বর্তমানে এনএসডিএ প্রধান উপদেষ্টা কার্যালয় ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বিটিইবি অনুমোদিত কোর্স ও এ্যাসেসমেন্ট পরিচালানাকারী বাংলাদেশের সর্বোচ্চ পর্যায়ে কাজ করছে। এখানে প্রধান উপদেষ্টা কার্যালয় এনএসডিএ এর অধীন জাতীয় স্বীকৃতি প্রাপ্তি ডিজিটাল মার্কেটিং ফর ফ্রিল্যান্সি (লেভেল-৬),, কম্পিউটার অপারেশন (লেভেল-২ ও ৩), গ্রাফিক্স ডিজাইন (লেভেল-৩) সহ বিভিন্ন বিষয়ের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীরা সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকরির সুযোগ পাচ্ছেন। এখান থেকেও বহু শিক্ষিত বেকার নতুন আশার আলো খুঁজে পাচ্ছেন। নিজের অভিজ্ঞতার কথাই তিনি যুবসমাজকে অনুপ্রেরণা হিসেবে তুলে ধরেন। একসময় আমিও শিক্ষিত বেকার ছিলাম এই অনুভূতিই তাঁকে উদ্যোক্তা হওয়ার সাহস দিয়েছে। আজ তাঁর উদ্যোগে হাজারো পরিবারে ফিরেছে কর্মসংস্থানের নিশ্চয়তা ও আত্মবিশ্বাস। তাঁর এই অসামান্য অবদানের জন্য তিনি ইতিমধ্যেই খুলনা বিভাগ থেকে "শ্রেষ্ঠ ব্রাঞ্চ অ্যাওয়ার্ড" পেয়েছেন, যা প্রদান করেছে ডিজিটাল যুব উন্নয়ন আইটি নেটওয়ার্ক। এস. এম. রাসেলের এই যাত্রা প্রমাণ করে একজন উদ্যোগী মানুষ হলে গোটা সমাজকে বদলে দেওয়া সম্ভব।

## আইনজীবীসহ চারজনের বিরুদ্ধে

(প্রথম পৃষ্টার পর)

বিল্লাহ মতু। তিনি বিভিন্ন সময়ে মেয়রসহ নানা পদে দায়িত্ব পালন করেছেন এবং রাজনৈতিক দলগুলোর সঙ্গে সুসম্পর্ক রেখে জনসেবায় কাজ করেছেন। তবে রাজনৈতিক পট পরিবর্তনের পর ২০২৪ সালের ৫ আগস্ট থেকে একদল ব্যক্তি পরিকল্পিতভাবে তাকে নানাভাবে হয়রানির চেষ্টা চালিয়ে যাচ্ছে বলে অভিযোগ করেছেন তিনি। এজাহারে উল্লেখ করা হয়, গত ২ জুন সকাল ১১টার দিকে জেলা জজ আদালত থেকে ফেরার পথে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে আসামিরা তার গতিরোধ করে। এ সময় তারা দুই লাখ ৫০ হাজার টাকা চাঁদা দাবি করে। চাঁদা না দিলে তাকে "ফ্যাসিস্ট সরকারের মদদদাতা" আখ্যা দিয়ে জামায়াত নেতা তারিক হত্যা মামলায় আসামি বানিয়ে মৃত্যুদণ্ড দাবি করা হবে বলে হুমকি দেওয়া হয়। পরে গত ৬ জুলাই সকালে শহরের বিভিন্ন স্থানে মেয়র মোতাছিম বিল্লাহ মতুর বিকৃত ছবি ব্যবহার করে অপমানজনক পোস্টার সাঁটানো হয়। সিসিটিভি ফুটেজে কয়েকজনকে পোস্টার সাঁটাতে দেখা যায়। পরবর্তীতে তাদের জিজ্ঞাসাবাদে জানা যায়, প্রধান আসামি মিজানুর রহমান মিজানের নির্দেশেই তারা এ কাজ করেছে। মামলার অভিযোগ আমলে নিয়ে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক সদর থানাকে মামলাটি এফআইআর হিসেবে নথিভুক্ত করার নির্দেশ দিয়েছেন।

## ভৈরব নদে

(প্রথম পৃষ্টার পর)

বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে ৪ বন্ধু মিলে ভৈরব নদে গোসল করতে নামে। তাদের মধ্যে মোহাইমিনুল সাঁতার জানতো না। সে নদীর পাড়ের অল্প পানিতে খেলছিল। হঠাৎ নদীর পাড় ভেঙে গেলে স্রোতের টানে সে গভীর পানিতে চলে যায়। বন্ধুরা তাকে উদ্ধারের চেষ্টা করলেও ব্যর্থ হয়ে পরিবারের সদস্যদের খবর দেয়। পরিবারের সদস্যরা ও স্থানীয়রা খোঁজাখুঁজি শুরু করেন। তারা নদীতে জাল টেনে স্থানীয় বিভিন্ন উপায়ে খোজাখুজি করে ব্যার্থ হয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কে জানান। মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সদস্যরা উদ্ধার অভিযান চালালেও ব্যর্থ হন। পরে আজ শুক্রবার সকালে খুলনা থেকে আসা ফায়ার সার্ভিসের বিশেষ রিসকিউ টিম নদীতে তল্লাশি চালিয়ে মোহাইমিনুলের মরদেহ উদ্ধার করে। মেহেরপুর সদর থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন আহমেদ জানান, এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে। প্রাথমিকভাবে এটি দুর্ঘটনা বলে মনে হচ্ছে। আমরা বিষয়টি তদন্ত করবো যদি কারও সংশ্লিষ্টতা পাওয়া যায়, তবে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## ফাইনালে ভারতের অহংবোধে আঘাত করতে বলছেন শোয়েব আখতার

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপ ২০২৫-এর ইতিহাসে প্রথমবার ভারতের সঙ্গে পাকিস্তানের মুখোমুখি ফাইনাল নিশ্চিত হয়েছে। গত রাতে সুপার ফোরে বাংলাদেশকে ১১ রানে হারিয়ে পাকিস্তান এই কৃতিত্ব অর্জন করেছে। ম্যাচের শেষ বল পর্যন্ত উত্তেজনা অব্যাহত থাকলেও হারিস রউফ ডট বোলিং দিয়ে আনুষ্ঠানিকতা শেষ করেছেন। পাকিস্তান দলের সাবেক কিংবদন্তি পেসার শোয়েব আখতার বাংলাদেশের বিরুদ্ধে ম্যাচ শেষে ফাইনালে ভারতীয় দলের বিরুদ্ধে পাকিস্তানকে আক্রমণাত্মক মানসিকতার সঙ্গে খেলতে পরামর্শ দিয়েছেন। শোয়েব আখতার বলেন, "রোববারের ফাইনালে ভারতের অহংবোধে আঘাত করতে হবে পাকিস্তানের। আপনাকে আক্রমণাত্মক মানসিকতা নিয়ে খেলতে হবে। যখন এভাবে খেলবেন, তখন ভারত বুঝতে পারবে, রানের জন্য তাদের বড় শট খেলতে হবে।" পাকিস্তান বাংলাদেশকে আগে ব্যাটিংয়ে ৮ উইকেটে ১৩৫ রানে থামিয়ে রেখেছে। শাহিন শাহ আফ্রিদি ও সায়েম আইয়ুবদের দুর্দান্ত বোলিংয়ের কারণে বাংলাদেশ থেমে গেছে মাত্র ৯ উইকেটে ১২৪ রানে। শোয়েব আখতার মনে করেন, এমন মানসিকতা ভারতের বিপক্ষে ফাইনালেও অপরিহার্য। তিনি বলেন, "বাংলাদেশের বিপক্ষে যে মানসিকতা নিয়ে খেলেছে পাকিস্তান, ভারতের বিপক্ষে ফাইনালেও সেভাবে খেলতে হবে। শুধু ২০ ওভার বোলিং করলে হবে না, উইকেট তুলে নিতে হবে।" এবারের টুর্নামেন্টে ভারত পাঁচ ম্যাচের পাঁচটিতেই জয়ী হয়েছে। অভিষেক শর্মা ২৪৮ রান সংগ্রহ করে টুর্নামেন্টের সর্বোচ্চ রানকারী হয়েছেন। একই সঙ্গে কুলদীপ যাদব সর্বোচ্চ উইকেটশিকারির তালিকায় আছেন। পাকিস্তানি কিংবদন্তি বাঁহাতি পেসার ওয়াসিম আকরামও ফাইনাল নিয়ে মন্তব্য করেছেন, "ভারত অবশ্যই ফেবারিট, কিন্তু এই সংস্করণে যেকোনো কিছু হতে পারে। পাকিস্তান দলের উচিত এই মোমেন্টাম ফাইনালে নিয়ে নিজেদের সেরা ক্রিকেট খেলা।"

এশিয়া কাপের ইতিহাসে সর্বোচ্চ আটবার শিরোপা জিতেছে ভারত। শ্রীলঙ্কা ও পাকিস্তান যথাক্রমে ছয়বার ও দুইবার চ্যাম্পিয়ন হয়েছেন। দুবাইয়ে আজ বাংলাদেশ সময় রাত ৮টা ৩০ মিনিটে শুরু হবে সুপার ফোরের ভারত-শ্রীলঙ্কা ম্যাচ, যা ফাইনালে ভারত-পাকিস্তান মুখোমুখি হওয়ার আগে ভারতীয় দলের প্রস্তুতি ও পরীক্ষা হিসেবে কাজ করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয় গাংনী, মেহেরপুর।
স্মারক নং -উমাশিঅ/গাং/মেহের/২০২৫/৩৫

উপজেলা নির্বাহী অফিসার, গাংনী মেহেরপুর মহোদয়ের গত ২৪ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের ০৫.৪৪.৫৭৪৭.০০০.২৩.০৩৭.২২-৯৭৩ নং স্মারক মোতাবেক অত্র উপজেলা চিৎলা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনকল্পে অভিভাবক সদস্য, সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য, শিক্ষক সদস্য, সংরক্ষিত মহিলা শিক্ষক সদস্য, দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য নির্বাচনের জন্য আমি নিম্নস্বাক্ষরকারী কর্মকর্তা প্রিজাইডিং অফিসার নিযুক্ত হয়ে নিম্ন স্বাক্ষরকারী নির্বাচনী তফসিল ঘোষণা করলাম।

### নির্বাচনী তফসিল

১/ মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানের তারিখঃ প্রিজাইডিং অফিসারের কার্যালয়, ২৮/৯/২০২৫ থেকে ৩০/৯/২০২৫ (রবিবার থেকে মঙ্গলবার)
২/ মনোনয়নপত্র বাছায়ের তারিখঃ প্রিজাইডিং অফিসারের কার্যালয়, ৫/১০/২০২৫ রবিবার।
৩/ মনোনয়নপত্র প্রত্যাহারঃ প্রিজাইডিং অফিসারের কার্যালয়, ৮/১০/২০২৫ বুধবার।
৪/ চূড়ান্ত তালিকা প্রকাশঃ প্রিজাইডিং অফিসার ও প্রতিষ্ঠান প্রধানের কার্যালয়, ৮/১০/২০২৫ বুধবার।
৫/ নির্বাচনঃ বিদ্যালয় প্রাঙ্গন, ২০/১০/২০২৫ সোমবার (সকাল ১০টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত)।

**মোঃ আব্দুল্লাহ আল মাছুম**
**উপজেলা একাডেমিক সুপারভাইজার**
**ও**
**প্রিজাইডিং অফিসার**
**চিৎলা মাধ্যমিক বিদ্যালয়**
**ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫।**
**গাংনী, মেহেরপুর।**